

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 02-11-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ভোটার তালিকায় বিশেষ নির্বীড় সংশোধনী কর্মসূচী প্রস্তুতির প্রশিক্ষণপর্ব আগামীকালের মধ্যে সম্পূর্ণ করতে হবে বলে জেলা নির্বাচন আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

এসআইআর-এর বিরুদ্ধে আগামী মঙ্গলবার রেডরোড থেকে জোড়াসাঁকো পর্যন্ত মিছিল করবে তৃণমূল কংগ্রেস।

২) উত্তর ২৪ পরগনার স্বরূপনগর থেকে আজ ফের ৩৩ জন বাংলাদেশীকে আটক করেছে বিএসএফ। ধূতদের ১৪ দিনের জেল হেফাজত।

৩) লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আগামীকাল একদিনের সফরে রাজ্য আসছেন। কলকাতায় বণিকসভা ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা করবেন তিনি।

৪) মূর্শিদাবাদের সামশেরগঞ্জে নিমতিতা - নতুন শিবনগর রেললাইনে আজ দুপুরে ট্রেনের ধাক্কায় তিন শিশুর মর্মান্তিক মৃত্যুর ঘটনায় এলাকায় শোকেরছায়া।

৫) বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাস্প প্রবেশ করায় দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাষ।

০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী কর্মসূচী প্রস্তুতির প্রশিক্ষণপর্ব আগামীকালের মধ্যে সম্পূর্ণ করতে হবে বলে জেলা নির্বাচন আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল থেকে এই চূড়ান্ত প্রশিক্ষণপর্ব শুরু হয়েছে। কলকাতায় নজরুল মঞ্চ ছাড়াও কলেজ স্ট্রীটে ডিরোজিও হল, জেসপ বিল্ডিং এবং অন্যান্য নির্দিষ্ট কেন্দ্রে চলে প্রশিক্ষণ। প্রশিক্ষণে, বিএলওদের হাতে বিশেষ কীট, টুপি এবং এনুমারেশন ফর্ম পূরণের নমুনা দেওয়া হয়। বুথ ভিত্তিক ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ, যাচাই ও ফর্ম পূরণের প্রক্রিয়া সম্পর্কে হাতেকলমে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী ১৬ দফা নির্দেশিকা বিএলও-দের হাতে তুলে দেওয়া হয়েছে।

অন্যদিকে, এস আই আর প্রক্রিয়ায় রাজনৈতিক দলগুলির বুথলেভেল এজেন্টদের প্রশিক্ষণপর্ব শুরু করতেও কমিশন আলাদা নির্দেশিকা জারি করেছে। প্রতিটি বুথে বিএলও এবং বিএলএ-রা একযোগে কাজ করবেন। যেসব বিএলএ-র নাম পরে জমা পড়বে তাদের জন্য অতিরিক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে বলে কমিশন জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

এদিকে, বিশেষ নীবিড় সংশোধন বা SIR এর কাজে নিযুক্ত বি এল ও দের নিরাপত্তা, তাঁদের বি এল ও হিসেবে কাজের দিনগুলোকে অন ডিউটি হিসেবে গণ্য করা এবং নিয়ম বহির্ভূতভাবে যেসব বি এল ও দের নিয়োগ করা হয়েছে তাঁদের অবিলম্বে বাতিল করার দাবি জানিয়েছ ভোট কর্মী ও BLO এক্য মঞ্চ। এব্যাপারে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল কে চিঠি দেওয়া হয়েছে বলে সংগঠনের সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল

জানিয়েছেন। আগামীকালের মধ্যে এই সমস্যাগুলো মধ্যে সমাধান করার জন্য অনুরোধ জানান হয়েছে বলে তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০

স্কুলের নিয়মিত দায়িত্ব পালন করার পাশাপাশি এসআইআরের কাজ করা অসম্ভব বলে বিএলও হিসেবে নিযুক্ত শিক্ষকদের একাংশ যে দাবী তুলেছেন তাদের পাশে দাঁড়িয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

শিক্ষামন্ত্রী স্পষ্ট জানিয়েছেন, বিএলওদের ডিউটি করে এসআইআরের কাজ করা সম্ভব নয়। বিএলওদের দাবি সঠিক। সংশ্লিষ্ট দফতরকে জানিয়ে বিষয়টি দেখা উচিত।

০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচি নিয়ে রাজ্য জুড়ে আতঙ্ক ও বিভ্রান্তি তৈরির অভিযোগে আগামী মঙ্গলবার পথে নামছে তৃণমূল কংগ্রেস। এসআইআর শুরুর দিনই চৌঠা নভেম্বর রেড রোড থেকে জোড়াসাঁকো পর্যন্ত ঐ মিছিলে অংশ নেবেন দলের নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রমুখ। রাজ্যের মন্ত্রী, বিধায়ক, সাংসদ ও শাসক দলের কর্মী-সমর্থকরা এতে যোগ দেবেন বলে জানা গিয়েছে।

তৃণমূল নেতৃত্বের দাবি, এসআইআর প্রক্রিয়ার মাধ্যমে রাজ্য জুড়ে নাগরিকদের মধ্যে ভয়ের সঞ্চার করা হচ্ছে। তাই মুখ্যমন্ত্রী নিজে মাঠে নেমে মানুষের পাশে থাকার বার্তা দেবেন।

০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার স্বরূপনগর থেকে আজ ফের ৩৩ জন বাংলাদেশীকে আটক করেছে BSF। পুলিশ আজ এদের বসিরহাট আদালতে তুললে বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। জানা গেছে, বিথারি সীমান্ত দিয়ে তারা বাংলাদেশে প্রবেশের চেষ্টার সময় টহলরত BSF জওয়ানরা তাদের ধরে পুলিশের হাতে তুলে দেয়।

এর আগে গত দু-দিনে স্বরূপনগরে ১৫ জন শিশু সহ ৫৬ জন বাংলাদেশীকে গ্রেফতার করা হয়েছিল।

এদিকে, মালদার হবিবপুর থানার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী ইটাঘাটি এলাকায় অবৈধভাবে ভারতে অনুপ্রবেশের চেষ্টায় বিএসএফের হাতে এক বাংলাদেশী ধরা পড়ে। ধৃত আব্দুল মানানকে হবিবপুর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর থানার টমপাড়া গ্রামের বাসিন্দা আব্দুলকে স্থানীয় লোকজন অনুপ্রবেশের সময় তাড়া করে ধরে ফেলে। তার সঙ্গে থাকা বাকিরা পালিয়ে যায়।

এই ঘটনার একটি ভিডিও সামাজ মাধ্যমে ভাইরাল হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে সীমান্তবর্তী এলাকায়।

অন্যদিকে, শিলিগুড়ির, ভারত-নেপাল সীমান্তের পানিট্যাক্ষি থেকে এক বাংলাদেশীকে আটক করেছে SSB। ধৃত ২৬ বছরের হেমাল চন্দ্র রায়, বাংলাদেশের দিনাজপুরের বাসিন্দা। তার কাছ থেকে উদ্বার হয়েছে নকল ভারতীয় আধার কার্ড। আড়াই মাস আগে ভারতে চুক্তে শিলিগুড়ির বিভিন্ন এলাকায় রাজমিস্ত্রির কাজ করছিল সে। ধৃতকে খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

মুর্শিদাবাদের সুতি থানার ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের বাজিতপুর ঘাটে গত রাতে মালিকানাহীন দুটি ব্যাগ পুলিশ উদ্ধার করেছে। ব্যাগ থেকে ৩০০ টি বিভিন্ন ধরণের স্মার্টফোন পাওয়া যায়।

ফারাক্কার এস ডি পি ও শেখ শামসুন্দিন জানিয়েছেন, মোবাইল ফোন চুরি চক্রের পান্ডারা ব্যাগ দুটি হস্তান্তর করার জন্য এখানে নিয়ে এসেছিলো। পুলিশ খবর পেয়ে অভিযানে যেতেই তারা ব্যাগ দুটি ফেলে যায়।

পুলিশ ঘটনার তদন্ত করছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ টাকায় শৌচাগার তৈরি না করে সরকারি প্রকল্পের প্রায় ৩ লক্ষ টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে মুর্শিদাবাদের হেডামপুর গ্রামপঞ্চায়েতের ত্ণমূল কংগ্রেস প্রধান জুলেখা বিবির বিরুদ্ধে। ওই পঞ্চায়েতের কংগ্রেস ও সিপিআইএম সদস্যরা মুখ্যমন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর এবং জেলা প্রশাসনের কাছে এব্যাপারে লিখিত অভিযোগ জানিয়েছেন। ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত দাবি করেছেন তাঁরা। যদিও যাবতীয় অভিযোগ অস্বীকার করেছেন জুলেখা বিবি।

০০০০০০০০০০০০০০০

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আগামীকাল একদিনের সফরে রাজ্য আসছেন। কলকাতায় বণিকসভা ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা করবেন তিনি। এই অনুষ্ঠানের মূল ভাবনা ‘বিকশিত ভারত’।

দেশের সামগ্রিক উন্নয়ন, অর্থনৈতিক অগ্রগতি, শিল্পক্ষেত্রের বিস্তার এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করবেন উপস্থিত অতিথিরা। শহরের শিল্প-বাণিজ্য ক্ষেত্রে ভারত চেম্বার অফ কমার্স দীর্ঘদিন ধরে যে ভূমিকা পালন করে আসছে, এই অনুষ্ঠান তার এক ঐতিহাসিক মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে।

ওম বিড়লার উপস্থিতি এই বর্ষপূর্তি উদযাপনকে আরও তাৎপর্যপূর্ণ করে তুলবে। জানা গেছে, লোকসভার অধ্যক্ষ দুপুরে ওই অনুষ্ঠানে যোগ দেওয়ার পর কলকাতা রাজভবনে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে বৈঠক করবেন। এরপরেই তার দিল্লি ফিরে যাওয়ার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলাফল আগামী সপ্তাহে প্রকাশিত হতে পারে। এসএসসি সূত্রে জানা যাচ্ছে, আগে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল প্রকাশ করা হবে। নভেম্বরের প্রথম সপ্তাহে ফল প্রকাশের স্বাভাবনা রয়েছে বলে সুপ্রিম কোর্টে জানিয়েছিল স্কুল সার্ভিস কমিশন।

তথ্য যাচাই ও ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হওয়ার পর নবম-দশমের শিক্ষক নিয়োগের ফল প্রকাশ করা হবে। একাদশ দ্বাদশে শূন্য পদের সংখ্যা ১২ হাজার ৫১৪ টি। এর জন্য পরীক্ষায় বসেছিলেন দু লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন।

অন্যদিকে, নবম-দশমের ২৩ হাজার ২১২টি শূন্য পদের জন্য ২ লক্ষ ৯৩ হাজার ১৯২ জন পরীক্ষা দিয়েছিলেন।

সুপ্রিম কোর্টের চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশের প্রেক্ষিতেই গত ৭ ও ১৪-ই সেপ্টেম্বর পরীক্ষা নেওয়া হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০

মূর্শিদাবাদের সামশেরগঞ্জে নিমতিতা - নতুন শিবনগর রেললাইনে আজ দুপুরে ট্রেনের ধাক্কায় তিন শিশুর মৃত্যুর ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকেরছায়া। দুপুরে লাইনের ওপর খেলার সময় হঠাৎ-ই দুদিক থেকে ট্রেন চলে আসায় পরিস্থিতি বুঝে ওঠার আগেই মর্মান্তিক দুর্ঘটনা ঘটে যায়।

ঘটনাস্থলেই মৃত্যু হয় জিশান শেখ, আরিয়ান শেখ ও রিহাত শেখের। সকলেরই বয়স ৮ বছরের নীচে। দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় রেল পুলিশ ও সামশেরগঞ্জ থানার পুলিশ। দেহগুলি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ সংলগ্ন আন্ডারপাশটিতে কয়েকদিন ধরে জল জমে থাকায় এলাকাবাসীকে ঝুঁকি নিয়ে রেল লাইনের ওপর দিয়েই যাতায়াত করতে হয়। ফলে এধরনের দুর্ঘটনার সম্ভাবনা থাকে সবসময়ই।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য গত কয়েক বছরের তুলনায় গড় সর্বনিম্ন তাপমাত্রা এখন বেশি। এরফলে বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাস্প প্রবেশ করায় দক্ষিণবঙ্গের অধিকাংশ জেলায় আজ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্নেষা ভট্টাচার্য।

(বাইট – অঞ্জেষা)

এদিকে, পূর্ব মধ্য বঙ্গোপসাগর এবং সংলগ্ন মায়ানমার উপকূলের ওপর আজ একটি নিম্নচাপ এলাকা তৈরি হয়েছে। যেটি আগামী ৪৮ ঘণ্টায় ক্রমশ উত্তর, উত্তর পশ্চিমে মায়ানমার- বাংলাদেশ উপকূলের দিকে অগ্রসর হবে। এরফলে এরাজ্য এখনও পর্যন্ত কোন সতর্কতা না থাকলেও মৎস্যজীবীদের উত্তর পূর্ব বঙ্গোপসাগর এবং দক্ষিণ বাংলাদেশ উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

কলকাতাতে আজ সর্বনিম্ন তাপমাত্রা গতকালের তুলনায় দু ডিগ্রী কমেছে, আগামী কয়েকদিনও সর্বনিম্ন তাপমাত্রা ২৪ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে, দু এক জায়গায় স্থানীয় ভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কলেজ স্কোয়ারে বঙ্গিম চ্যাটাজী স্ট্রিটে আগামীকাল বসছে ভিজে বইয়ের বইমেলা। গত ২৩ সে সেপ্টেম্বর অতিবৃষ্টিতে বই পাড়ার বহু বিক্রেতা, প্রকাশক ক্ষতিগ্রস্ত হন। বৃষ্টিতে ভিজে নষ্ট হয় অনেক বই। একটি স্বনির্ভর সংস্থার উদ্যোগে এবং দিল্লীর বেঙ্গল অ্যাসোসিয়েশনের উদ্যোগে এই বইমেলার আয়োজন করা হয়েছে। আগামীকাল ক্ষতিগ্রস্ত ৬৫ টি সংস্থাকে তিন লক্ষ ৪২ হাজার টাকা অর্থ সাহায্য দেওয়া হবে এর মধ্যে দিল্লী বেঙ্গল অ্যাসোসিয়েশন ২ লক্ষ টাকা দিয়েছে বলে সংগঠনের তরফে জানানো হয়েছে। সকাল ১১ টা থেকে শুরু হয়ে রাত ৮ টা পর্যন্ত এই মেলা চলবে। কলকাতা ক্রিয়েটিভ পাবলিশার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন এর উদ্যোগে ক্ষতিগ্রস্ত বইপাড়ার সাহায্যে তার পরের দিনই তৈরি হয় কলেজ স্ট্রিট রিলিফ ফান্ড।

০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালের ইএনটি বিভাগের চিকিৎসকরা ৫৫ বছর বয়সী এক ব্যক্তির শ্বাসনালিতে আটকে থাকা খেলনা বাঁশি বের করে তার প্রাণ বাঁচালেন। গত শুক্রবার বিকেলে বিহারের কিষাণগঞ্জের বাসিন্দা ওই ব্যক্তি বাঁশিটি গলায় আটকে থাকা অবস্থায় হাসপাতালে ভর্তি হন। গতকাল রোগীকে সম্পূর্ণ অঙ্গন করে রিজিট ব্রোক্সোফিপির মাধ্যমে শ্বাসনালিতে শক্ত হয়ে আটকে থাকা বাঁশিটি চিকিৎসকেরা বের করে। সফল অঙ্গোপচারের পর রোগীকে আই সি ইউ-তে দেওয়া হয়। জটিল এই অস্ত্রপোচারে ইএনটি বিভাগের প্রধান ডক্টর রাধেশ্যাম মাহাতো সহায্য করেন ডক্টর পার্থপ্রতিম সাহা, ডক্টর এস কে আজহারুদ্দিন সহ পাঁচ চিকিৎসক।

০০০০০০০০০০০০০০০০

আগরতলায় চারদিনের রনজি ট্রফি ক্রিকেটের আজ দ্বিতীয় দিনে ত্রিপুরার বিরুদ্ধে  
বাংলা প্রথম ইনিংসে ৯ উইকেটে ৩৩৬ রান করেছে। সুদীপ ঘৰামি ১০৮, হাবিব  
গান্ধী ৯৫ রান করেছেন। শাহবাজ আহামেদ ৪০ রানে অপরাজিত আছেন।